

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মার্চ ১৩, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
টিএ শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ২২ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ/০৭ মার্চ, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং-৬৪-আইন/২০২৩ —Ports Act, 1908 (Act No. XV of 1908), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 4 এর sub-section (1) এর clause (a), sub-section (2) এর সহিত পঠিতব্য, তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে “নাজিরগঞ্জ নদী বন্দর, পাবনা” এর সীমানা নির্ধারণপূর্বক উহাতে উক্ত Act এর প্রয়োগ কার্যকর করিল, যথা :—

তফসিল

“নাজিরগঞ্জ নদী বন্দর, পাবনা” এর—

- (ক) পূর্ব সীমানা : পাবনা জেলার সুজানগর উপজেলাধীন সাগরকান্দি ইউনিয়নের চর খলিলপুর মৌজায় পদ্মা নদীর উত্তর তীর বরাবর $৮৯^{\circ}৩৫'২৪.৫৬''$ পূর্ব দ্রাঘিমাংশ পর্যন্ত;
- (খ) পশ্চিম সীমানা : পাবনা জেলার সুজানগর উপজেলাধীন সাতবাড়ীয়া ইউনিয়নের ফকিৎপুর মৌজায় পদ্মা নদীর উত্তর তীর বরাবর $৮৯^{\circ}২৫'৪৩.৪৭''$ পূর্ব দ্রাঘিমাংশ পর্যন্ত; এবং
- (গ) ভূ-ভাগের সীমানা : উপরিউক্ত নদী বন্দর সীমানার আওতায় পদ্মা নদীর উত্তর তীর বরাবর ভরাকটাল (spring tide) এর সময় সর্বোচ্চ পানি সমতল (highest water level) এর তটরেখা হইতে নদীর স্থলভাগের দিকে ৫০ (পঞ্চাশ) মিটার (yard) পর্যন্ত বিস্তৃত।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাঃ আমিনুর রহমান
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৩৩৭১)

মূল্য : টাকা ৪.০০